

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫১৫  
আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৪

বিকশিত ভারত সংকল্প যাত্রা  
১৭-১৮ জানুয়ারি পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক বিকাশ মেলা

পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে আজ জেলাভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আগামী ১৭-১৮ জানুয়ারি আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে দুদিনব্যাপী জেলাভিত্তিক বিকাশ মেলা অনুষ্ঠিত হবে। সভায় উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, জেলার বিভিন্ন মহকুমার মহকুমা শাসকগণ ও বিভিন্ন ব্লকের বিডিওগণ। বিকাশ মেলায় রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের ৪০টি স্টল খোলা হবে। এ সমস্ত স্টল থেকে জেলার জনসাধারণের কাছে বিভিন্ন সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা দেওয়া হবে।

\*\*\*\*\*